

জীবনানন্দ

বনতল ফুলে ফুলে ঢাকা কিনা, জানা নেই ঘন অন্ধকার।  
দূর নীলিমায় শাদা কুয়াশায় ভেজা মায়া, মায়ামাখা চাঁদ।  
চলতে চলতে পথ হঠাৎ উধাও হিমে, পথ ভুল ক'রে  
পথ চেয়ে থাকি ? সে তো কবির নিয়তি আর কবিতার ফাঁদ।

চাঁদের যৌবন এলে, এইখানে, কবি ও কবিতা একাকার।  
দূর থেকে সুর হ'য়ে ভেসে আসে – ফেলে আসা দুটি কথা তার।

রাজা ভট্টাচার্য

